# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৮৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

فَحَدَّثَنَا بِهِ الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى بْنِ حَنَانٍ ، نَا الْحَسَنُ بْنُ قُتَيْبَةَ ، حَدَّثَنَا عُمَرُ بْنُ قَيْسٍ ، ح : وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ إِسْمَاعِيلَ ، نَا سَعِيدُ بْنُ مُحَمَّدٍ التَّرْخُمِيُّ ، نَا إِبْرَاهِيمُ بْنُ الْعَلَاءِ ، نَا إِسْمَاعِيلُ بْنُ عَيَّاشٍ ، عَنْ عُمَرَ بْنِ قَيْسٍ ، عَنْ عَمْرِو بْنِ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ ، قَالَ : سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَقُولُ : " مَنْ ضَحِكَ فِي الصَّلَاةِ قَرْقَرَةً ، فَلْيُعِدِ الْوُضُوءَ وَالصَّلَاةَ " . وَقَالَ الْحَسَنُ بْنُ قُتَيْبَةَ : " إِذَا قَهْقَهَ الرَّجُلُ أَعَادَ الْوُضُوءَ وَالصَّلَاةَ وَحَدَّثَ بِهَذَا الْحَدِيثِ شَيْخٌ لِأَهْلِ الْمِصِّيصَةِ ، يُقَالُ لَهُ : سُفْيَانُ بْنُ مُحَمَّدٍ الْفَزَارِيُّ ـ وَكَانَ ضَعِيفًا سَيِّئَ الْحَالِ فِي الْحَدِيثِ ـ حَدَّثَ بِهِ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ وَهْبٍ ، عَنْ يُونُسَ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ سُلَيْمَانَ بْنِ أَرْقَمَ ، عَنِ الْحَسَنِ ، عَنْ أَنَسٍ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِذَلِكَ

বাংলা

৫৮৮(১২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... ইমরান ইবনে হুসাইন (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ কোন ব্যক্তি নামাযরত অবস্থায় অট্টহাসি দিলে সে যেন পুনরায় উযু করে এবং নামায পড়ে। আল-হাসান ইবনে কুতায়বার বর্ণনায় আছেঃ কোন ব্যক্তি (নামাযের মধ্যে) অট্টহাসি দিলে সে যেন পুনরায় উযু করে এবং নামায পড়ে।

সুফিয়ান ইবনে মুহাম্মাদ আল-ফাযারী নামীয় আল-মাসীসাবাসীর একজন শায়েখ এই হাদীস বর্ণনা করেছেন। তিনি একজন দুর্বল রাবী এবং হাদীসশাস্ত্রে তার অবস্থা অত্যন্ত শোচনীয়। তিনি এই হাদীস আবদুল্লাহ ইবনে ওয়াহব-ইউনুস-আয যুহরী-যুলায়মান ইবনে আরকাম-আল হাসান-আনাস (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন